

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৯৩.২৩ নথির বিষয়: জন্মাষ্টমী উপলক্ষ্যে গণভবনে মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে পানির ট্যাংক স্থাপন ও অনুষ্ঠান শেষে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: জন্মাষ্টমী উপলক্ষ্যে গণভবনে মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে পানির ট্যাংক স্থাপন ও অনুষ্ঠান শেষে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৯/২৩ ১:৪৫ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জন্মাষ্টমী উপলক্ষ্যে গণভবনে মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানের বিষয়ে স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF) এর উদ্দেশ্যে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠান আয়োজনের জন্য স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF) কর্তৃক আহবানকৃত বিভিন্ন সংস্থার অংশগ্রহণে অনুষ্ঠিত সমন্বয় সভায় ঢাকা ওয়াসাকে সভাস্থলে পানির ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের দায়িত্ব প্রদান করা হয়। সেমোতাবেক বর্ণিত সভাস্থলে পানির ট্যাংক স্থাপনের নিমিত্তে ব্যানার তৈরী, ২০ মি:মি: জি আই সকেট, জি আই শর্ট পিস পাইপ, প্লাষ্টিকের বিব কর্ক, প্লাষ্টিকের মগ, থ্রেড টেপ, ইত্যাদি মালামালগুলি জরুরী ভিত্তিতে সংগ্রহ করত: পানির ট্যাংক স্থাপন এর জন্য শ্রমিক নিয়োজিত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৯/২৩ ১:৪৬ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে বর্ণিত মালামালগুলি সংগ্রহ ও পানির ট্যাংক স্থাপন কাজে শ্রমিক নিয়োজিত করণের জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রকল্পন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রকল্পনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ২৪,৭৯০.০০/- (চব্বিশ হাজার সাতশত নব্বই) টাকা মাত্র (সংযুক্তি ক্র: নং-৩৮:)। কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থেকে বরাদ্দ ক্রমিক নং- B-13.29 হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

- ১। মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার সংশ্লিষ্ট কপি।.pdf
- ২। পূর্বানুমোদিত দর.pdf
- ৩। প্রকল্পন.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৯/২৩ ১:৪৯ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে জন্মাষ্টমী উপলক্ষ্যে গণভবনে মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে পানির ট্যাংক স্থাপন ও অনুষ্ঠান শেষে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ এর জন্য নিয়োজিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য ২৪,৭৯০.০০/- (চব্বিশ হাজার সাতশত নব্বই) টাকা মাত্র এর অনুমোদন।

খ) জনস্বার্থে কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর ক্রমিক নং- B-13.29 এবং ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের কোড নং- ০১-০৪-০০১ “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।



৭/৯/২৩ ৩:২৯ অপরাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১০/৯/২৩ ১১:২৪ পূর্বাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩




১০/৯/২৩ ৫:৩৩ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১০/৯/২৩ ৬:০৯ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১০/৯/২৩ ৬:০৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১২/৯/২৩ ৫:১৫ পূর্বাহ্ন
অনুমোদিত



১২/৯/২৩ ৫:১৫ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১২/৯/২৩ ১:০৩ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১২/৯/২৩ ২:৫৫ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১২/৯/২৩ ২:৫৫ অপরাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩